

কালসাপ ও পাণ্ডুর তালিকা

এইমাত্র ঘুম থেকে উঠে বসে আছে কালসাপ,
 ওর পিঠে ভার নয়, ভোর লেগে আছে--শিশিরের।
 যারা শিশির চেয়েছি গোপীযম্বে--আউলে-বাউলে,
 যারা রাত্রি-শ্রমিকের ঘরে ফেরা চেয়েছি শিশিরে--
 তাদের বোঝা উচিত--কালসাপ উঠে বসে আছে--
 ওর পিঠে পৃথিবীর--ওর পিঠে সূর্যাস্তের ভার,
 শ্রেণীচেতনার মাটি খাবলানো--ছোবল জর্জর---
 লাঠিয়াল হেঁটে যাচ্ছে--অনেক দেখার ক্ষয়চোখ,
 অনেক গোপন তথ্য তালাচাবি-মারা ব্রহ্মবুকে,
 এসো, ওর সঙ্গে হাঁটি, সেতু পার হই--তালরসে---
 আমরা কি-কি চেয়েছি--পাণ্ডুর তালিকা খুলে বসি।
 সত্তর দশক থেকে--কী যে হয়ে গেলো চারপাশে
 এসো, আলোচনা করি, ক্ষয়িষুও সমাজে খোঁচা মারি।

প্রভাত গঙ্গোপাধ্যায়

